

প্রেস বিজ্ঞপ্তি ঢাকা, ২৬ জানুয়ারি ২০১৭

বর্ণার্য আয়োজনে আর্থজাতিক কাস্টমস দিবসের উদ্বোধন

## দেশ প্রেমে উদ্বৃদ্ধ হয়ে করদাতাদের কাঞ্চিত সেবা প্রদানের অঙ্গীকার

আজ ২৬ জানুয়ারি, ২০১৭ বৃহস্পতিবার আর্থজাতিক কাস্টমস দিবস। প্রতিবছর ২৬ জানুয়ারি ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশনের (ডিএসিও) সদস্যভুক্ত বাংলাদেশসহ ১৭৯টি দেশে দিবসটি পালিত হচ্ছে। তথ্য-উপাত্ত বিশ্লেষণ এবারে কাস্টমস দিবসের মূল চেতনা। বিশ্ব কাস্টমস সংঘার সদস্য রাষ্ট্র হিসেবে বিশ্বের অন্যান্য দেশের কাস্টমস পরিবারের সাথে একাত্তা ঘোষণা করে বাংলাদেশ কাস্টমস পরিবারও ব্যাপক উৎসাহ, উদ্বোধন ও উৎসবমুখর পরিবেশে ঢাকাসহ সারাদেশে বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে দিবসটির উদ্যাপন করে। কম খরচ ও দক্ষতার সাথে সমর্পিত আধুনিক প্রযুক্তির মাধ্যমে সেবা প্রদানের লক্ষ্যে এ বছর দিবসটির প্রতিপাদ্য “Data Analysis for Effective Border Management” অর্থাৎ ‘তথ্য উপাত্তের পর্যালোচনা, কার্যকর সীমান্ত ব্যবস্থাপনা’।

এ উপলক্ষে বৃহস্পতিবার সকাল সাড়ে ৭টায় সেগুনবাগিচাট জাতীয় রাজস্ব বোর্ড প্রাঙ্গণ থেকে এক বর্ণার্য র্যালী বের হয়। প্রধান অতিথি হিসেবে বেলুন উড়িয়ে দিবসের র্যালীর উদ্বোধন করেন সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিরুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এফবিসিসিআই এর সভাপতি জনাব আবদুল মাতলুব আহমাদ। এছাড়াও বিশিষ্ট চিত্র নায়ক ইলিয়াস কাদেন, বাংলাদেশ ক্রিকেট দলের সাবেক খেলোয়াড় খালেদ মাসুদ পাইলট উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রের জন্য পর্যাপ্ত রাজস্ব সংগ্রহ করার আহ্বান জানিয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মো. নজিরুর রহমান বলেন, আর্থজাতিক কাস্টমস দিবসে জাতীয় রাজস্ব বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারির অঙ্গীকার হবে-দেশের জন্য পর্যাপ্ত রাজস্ব আহরণ করা এবং দেশ প্রেমে উদ্বৃদ্ধ হয়ে করদাতাদের কাঞ্চিত সেবা প্রদান করা। সম্মানিত করদাতাদের করসেবা গ্রহণের ক্ষেত্রে কোন প্রকার হয়রানি না করে তাঁদের সাথে সব সময় হ্রদ্যতাপূর্ণ, বন্ধুসুলভ এবং সৌজন্যমূলক ব্যবহার করা।

সম্মানিত করদাতাদের উত্তম সেবা প্রদানের লক্ষ্যে তিনি রাজস্ব কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, ‘আমাদের সহকর্মীরা অত্যন্ত কষ্টকর পরিবেশে বিভিন্ন জায়গায় উন্নয়নের অক্সিজেন রাজস্ব আহরণে ঝুঁকি নিয়ে কাজ করছেন। যারা করদাতা-বান্ধব পরিবেশ সৃষ্টিতে কাজ করছেন আমি তাঁদের আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি। পাশাপাশি তিনি আরো অধিকতর করদাতা-বান্ধব, ব্যবসা-বান্ধব ও বিনিয়োগ-বান্ধব পরিবেশ সৃষ্টির প্রয়াস চালানোর আহ্বান জানান।’

এফবিসিসিআই এর সভাপতি জনাব আবদুল মাতলুব আহমাদ বলেন, ‘বর্তমান এনবিআরের অব্যাহত রাজস্ব-বান্ধব সংস্কৃতির প্রয়াসের কারণে ব্যবসা-বান্ধব, বিনিয়োগ-বান্ধব পরিবেশ সৃষ্টি হচ্ছে। আমরা ব্যবসায়ীরা এনবিআরের পাশে আছি, ছিলাম এবং ভবিষ্যতেও থাকবো। রাজস্ব সংগ্রহের কাজে আমরা সর্বাত্মক সহযোগিতা করবো।’

বিশিষ্ট চিত্র নায়ক ইলিয়াস কাদেন এনবিআরের সার্বিক কর্মকাণ্ড সম্প্রৱ্হ প্রকাশ করে বলেন, ‘এনবিআর আগের চেয়ে এখন অনেক বেশি জনমুখী, করদাতা-বান্ধব এবং ব্যবসা-বান্ধব। করদাতারা এখন স্বতঃফূর্তভাবে কোন প্রকার হয়রানি ছাড়াই কর প্রদান করছেন। জনগণের করের টাকায় উন্নয়ন হচ্ছে, দেশ এগিয়ে যাচ্ছে। তাই এনবিআরের যে কোন কাজে আমাদের সব ধরনের সহযোগিতা থাকবে।’

পরে র্যালীটি দুর্নীতি দমন কমিশন, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, মৎস্য ভবন, সুপ্রিম কোর্ট, জাতীয় প্রেসক্লাব হয়ে জাতীয় রাজস্ব বোর্ড এর সামনে এসে শেষ হয়। র্যালীতে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য, ব্যবসায়ী, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, জাতীয় পর্যায়ের খেলোয়াড়, নাট্য ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব, সাহিত্যিক, শিক্ষার্থী, সেলিব্রেটিসহ সব শ্রেণি-পেশার মানুষ অংশগ্রহণ করেন। র্যালীতে আর্থজাতিক কাস্টমস দিবসের স্লোগান সম্বলিত ব্যবসা-বান্ধব ও করদাতা-বান্ধব স্লোগান সম্বলিত টি-শার্ট, ক্যাপ পরিধান করা হয়। এছাড়া র্যালীতে আনসার-ভিডিপি'র বাদক দল অংশ মেন।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

(সৈয়দ এ. মু'মেন)  
জনসংযোগ কর্মকর্তা  
জাতীয় রাজস্ব বোর্ড

প্রাপকঃ  
বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।